

(কেবলমাত্র অফিসে ব্যবহারের জন্য)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# অর্থ বিভাগের কার্যবন্টন তালিকা

অর্থ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
২০১২

(কেবলমাত্র অফিসে ব্যবহারের জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# অর্থ বিভাগের কার্যবন্টন তালিকা

অর্থ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি- ৩ অধিশাখা  
www.mof.gov.bd


নং- ০৭.০০.০০০০.১৭৩.০৫.০১৫.১২.৯৪

তারিখ: ২৩ জুলাই, ২০১২

**বিষয়:** অর্থ বিভাগের সংশোধিত কার্যবন্টন তালিকা সংক্রান্ত আদেশ।

অর্থ বিভাগের কর্মকর্তাদের মধ্যে কার্যবন্টন সংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত সকল আদেশ বাতিলপূর্বক পরিবর্তিত অবস্থা ও বাস্তবতার নিরিখে পুনর্বিন্যাস করে একটি সংশোধিত কার্যবন্টন তালিকা জারি করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
(ড. মোহাম্মদ তারেক)  
সিনিয়র সচিব

নং- ০৭.০০.০০০০.১৭৩.০৫.০১৫.১২.৯৪

তারিখ: ২৩ জুলাই, ২০১২

**বিতরণ:**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
- ৪। সিনিয়র সচিব/ সচিব..... মন্ত্রণালয়/ বিভাগ।
- ৬। অর্থ বিভাগের সকল কর্মকর্তা
- ৭। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব।

  
(খলিল আহমদ)  
উপসচিব

## সূচীপত্র

| ক্রমিক নম্বর | অনুবিভাগের নাম  | পৃষ্ঠা নম্বর |
|--------------|---|--------------|
| ১            | প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ                            | ১- ৭         |
| ২            | বাজেট- ১ অনুবিভাগ (বাজেট- সংস্কার ও সামাজিক অবকাঠামো) | ৮- ১৪        |
| ৩            | বাজেট- ২ অনুবিভাগ (বাজেট- ভৌত অবকাঠামো)               | ১৫- ১৭       |
| ৪            | সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ                            | ১৮- ২৩       |
| ৫            | ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ                    | ২৪- ৩১       |
| ৬            | ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ       | ৩২- ৩৬       |
| ৭            | বাস্তবায়ন অনুবিভাগ                                   | ৩৭- ৪০       |
| ৮            | প্রবিধি অনুবিভাগ                                      | ৪১- ৪৩       |
| ৯            | রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগ                   | ৪৪- ৫১       |
| ১০           | অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ                           | ৫২- ৫৪       |
| ১১           | মনিটরিং সেল   | ৫৫- ৬০       |

## প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ

১. অর্থ বিভাগের সকল প্রশাসনিক বিষয়াদি।
২. অর্থ বিভাগের কর্মকান্ডের সার্বিক সমন্বয় ও তদারকি নিশ্চিতকরণ।
৩. অর্থ বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তর/ পরিদপ্তরের পদ সৃজন, অস্থায়ী পদ সংরক্ষণ এবং অস্থায়ী পদকে স্থায়ী পদ রূপান্তর সংক্রান্ত যাবতীয় কার্যাদি।
৪. অধিদপ্তর/ পরিদপ্তরের ১ম শ্রেণীর অফিসার পদে নিয়োগ, জ্যেষ্ঠতা নির্ধারণ, স্থায়ীকরণ, পদোন্নতি, দক্ষতা- বাঁধ অতিক্রম ইত্যাদি যাবতীয় কার্যাবলী।
৫. কর্মকর্তাদের পদ স্থাপন ও বদলি।
৬. বি.সি.এস (হিসাব ও নিরীক্ষা) ক্যাডারের প্রশাসন সম্পর্কিত কার্যাদি।
৭. উচ্চপদস্থ কর্মকর্তাদের বিভিন্ন সমন্বয় সভার সাচিবিক সহায়তা প্রদান।
৮. উচ্চতর শিক্ষা/ প্রশিক্ষণ লাভের জন্য কর্মচারী এবং কর্মকর্তাবৃন্দকে অনুমতি প্রদান সংক্রান্ত বিষয়াদি।
৯. চাকরি হতে সাময়িক বরখাস্তকরণ, শাস্তি প্রদান এবং শাস্তিমূলক বিষয়াদি সম্পর্কে ব্যবস্থা গ্রহণ।
১০. অর্থ বিভাগের কর্মকর্তাদের চলতি দায়িত্ব/ অতিরিক্ত দায়িত্ব প্রদানের ব্যবস্থাকরণ।
১১. অর্থ বিভাগের উর্ধ্বতন নিরাপত্তা কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন।
১২. অর্থ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তরের বাজেট প্রণয়ন ও ব্যয় নিয়ন্ত্রণ এবং মধ্যমেয়াদী বাজেট প্রণয়ন।
১৩. মন্ত্রী/ প্রতিমন্ত্রীর ঐচ্ছিক তহবিলের মঞ্জুরীপত্র সংক্রান্ত কার্যাবলী।
১৪. অর্থ বিভাগ সম্পর্কিত জাতীয় সংসদ বিষয়ক কার্যাবলী।
১৫. পাবলিক একাউন্টস কমিটির সুপারিশ বাস্তবায়ন।
১৬. অর্থ বিভাগের অনিষ্পন্ন বিষয়সমূহ সচিব মহোদয়কে অবহিতকরণ।
১৭. অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগের মধ্যে যথাযথ সমন্বয় সাধন।
১৮. অর্থ বিভাগের কর্মকর্তা- কর্মচারীদের বিভিন্ন সেবা সরবরাহ সংক্রান্ত কার্যাবলী।
১৯. অর্থ বিভাগের ক্রয় এবং কনডেমনেশন সংক্রান্ত কার্যাবলী।
২০. তথ্য অধিকার আইনের আওতায় বিভিন্ন কার্যক্রম গ্রহণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কার্যক্রম তত্ত্বাবধান।
২১. বিভিন্ন সূত্রে প্রাপ্ত অভিযোগসমূহের নিষ্পত্তিকরণ।
২২. বিভিন্ন প্রতিষ্ঠানের পরিচালনা পর্যদে/ বিভাগীয় পদোন্নতি কমিটিতে/ আন্তঃমন্ত্রণালয় সভা/ কমিটিতে অর্থ বিভাগের প্রতিনিধি মনোনয়ন করা।
২৩. অর্থ বিভাগের কোর্ট কেইস সংক্রান্ত বিষয়াদি।
২৪. অর্থ বিভাগে ডিজিটাল ফাইলিং সংক্রান্ত বিষয়াদি।
২৫. অর্থ বিভাগের কার্যবন্টন তালিকা প্রণয়ন ও পুনর্বিদ্যাস।
২৬. অর্থ বিভাগের কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ পুনর্বিদ্যাস।
২৭. অর্থ বিভাগের ই- বুক হালনাগাদকরণ।
২৮. আদালতের রায় বাস্তবায়নের পূর্বে সংশ্লিষ্ট মামলার বিষয়ে সকল প্রক্রিয়া সম্পন্ন হয়েছে কিনা এ বিষয়ে আইন কোষের সাথে সমন্বয় সাধন।

## প্রশাসন অধিশাখা

### প্রশাসন- ১ শাখা

১. অর্থ বিভাগের সমন্বয় সংক্রান্ত কাজ।
২. অর্থ বিভাগের সমন্বয় সভা সংক্রান্ত কার্যাবলী।
৩. অর্থ বিভাগ ও অধীনস্থ দপ্তর/ অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থাসমূহের মাসিক কর্মকান্ডের ওপর প্রতিবেদন প্রস্তুতকরণ ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।
৪. মন্ত্রিপরিষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রস্তুতপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।
৫. প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ থেকে প্রাপ্ত সাধারণ আদেশ/ সার্কুলার পৃষ্ঠাঙ্কন।
৬. অর্থ মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত কার্যাদি।
৭. মন্ত্রী/ প্রতিমন্ত্রীর ঐচ্ছিক তহবিলের মঞ্জুরীপত্র সংক্রান্ত কার্যাবলী।
৮. অর্থ বিভাগ সম্পর্কিত জাতীয় সংসদ বিষয়ক কার্যাবলী এবং কাউন্সিল অফিসারের কার্যক্রম সম্পাদন।
৯. তথ্য অধিকার আইনের আওতায় বিভিন্ন কার্যক্রম গ্রহণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কার্যক্রম সম্পাদন।
১০. বিভিন্ন সূত্রে প্রাপ্ত অভিযোগসমূহের নিষ্পত্তিকরণ।
১১. সচিবালয়ে পরিচয়পত্র সংক্রান্ত কার্যাবলী।
১২. অর্থ মন্ত্রণালয় সংক্রান্ত জাতীয় সংসদের স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সমন্বয় সাধন।
১৩. বিভিন্ন অনুবিভাগের অনিষ্পন্ন বিষয়সমূহ সচিব মহোদয়ের নিকট উপস্থাপন।
১৪. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### প্রশাসন- ২ শাখা

১. বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক পদে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম।
২. নিরীক্ষা ও হিসাব বিভাগের কর্মকর্তাদের নিয়োগ, শিক্ষা, প্রশ্রয় ও বহিঃ বাংলাদেশ ছুটি, পদোন্নতি, অবসর ভাতা মঞ্জুরী, বিভাগীয় মামলা এবং অভিযোগ সংক্রান্ত কার্যক্রম।
৩. নতুন পদ সৃষ্টি, অস্থায়ীভাবে সৃষ্ট পদসমূহ সংরক্ষণ, পদ স্থায়ীকরণ ও নিয়োগ বিধি সংশোধন সংক্রান্ত কার্যক্রম।
৪. অঘোষিত কর্মচারী নিয়োগের ছাড়পত্র প্রদান সংক্রান্ত কার্যক্রম।
৫. মহা হিসাব নিরীক্ষক ও তাঁর অধীনস্থ দপ্তর/ পরিদপ্তর সমূহের কর্মকর্তা ও কর্মচারীদের গৃহনির্মাণ ও মটর সাইকেল অগ্রিম ঋণ মঞ্জুরী এবং জিপিএফ ৪র্থ কিস্তির অগ্রিমের আবেদন সংক্রান্ত কার্যক্রম।
৬. বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের কর্মকর্তাদের জন্য পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত সিনিয়র স্কেল পরীক্ষার সিলেবাস প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম।
৭. সিএন্ডএজি কার্যালয় কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ।
৮. কর্মকর্তা ও কর্মচারীদের সাহায্য মঞ্জুরী ও সরকারি পাওনাদি মওকুফ আবেদন সংক্রান্ত।
৯. সিএন্ডএজি ও সিজিএ কার্যালয়ের গাড়ী ক্রয়/ অকেজো ঘোষণা সংক্রান্ত কার্যক্রম।
১০. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক ও তার অধীনস্থ কার্যালয়ের কর্মকর্তাদের অফিস ও বাসভবনে টেলিফোন সংযোগ সংক্রান্ত কার্যাবলী এবং সিএন্ড এজি কার্যালয়ের বাড়ী/ অফিস ভাড়া সংক্রান্ত কার্যক্রম।
১১. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### প্রশাসন- ৩ শাখা

১. মাননীয় অর্থমন্ত্রী বিদেশে ভ্রমণের আর্থিক আদেশ জারি সংক্রান্ত।
২. অর্থ বিভাগের প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের যাবতীয় প্রশাসনিক বিষয়াদি।
৩. অর্থ বিভাগে কর্মরত বিভিন্ন ক্যাডারভুক্ত কর্মকর্তাদের প্রশাসনিক বিষয়াদি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ।

৪. অর্থ বিভাগের পদ সৃজন/ সংরক্ষণ/ স্থায়ীকরণ সংক্রান্ত কার্যাদি।
৫. অর্থ বিভাগের কর্মকর্তাগণের বিভাগীয় পরীক্ষা সংক্রান্ত বিষয়াদি।
৬. উচ্চতর শিক্ষা/ প্রশিক্ষণ লাভের জন্য কর্মচারী এবং কর্মকর্তাবৃন্দকে অনুমতি প্রদান সংক্রান্ত বিষয়াদি।
৭. অর্থ বিভাগের কার্যবন্টন তালিকা প্রণয়ন ও পুনর্বিন্যাস।
৮. অর্থ বিভাগের কর্মকর্তাগণের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণদেশ পুনর্বিন্যাস।
৯. বিভিন্ন সংস্থার পরিচালনা পর্ষদে/ বিভাগীয় পদোন্নতি কমিটিতে/ আন্তঃমন্ত্রণালয় সভায়/ বিভিন্ন কমিটিতে অর্থ বিভাগের প্রতিনিধি মনোনয়ন।
১০. অর্থ বিভাগে ডিজিটাল ফাইলিং সংক্রান্ত বিষয়াদি।
১১. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### **প্রশাসন- ৪ শাখা**

১. অর্থ বিভাগের (হিসাব কোষসহ) আওতাধীন সকল ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা- কর্মচারীদের যাবতীয় প্রশাসনিক কার্যাদি (নিয়োগ/ বদলি/ পদোন্নতি/ পদ সৃজন/ পদ সংরক্ষণ/ স্থায়ীকরণ/ চাকুরি বহি সংরক্ষণ/ বার্ষিক বেতন বৃদ্ধি/ টাইম স্কেল/ সিলেকশন গ্রেড/ বেতন বৈষম্য সমতাকরণ/ ভবিষ্য তহবিল মঞ্জুরী/ অগ্রিম মঞ্জুরী/ শান্তি বিনোদন/ ছুটি মঞ্জুর/ পেনশন/ বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা/ বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণ ইত্যাদি)।
২. অর্থ বিভাগের কর্মকর্তা- কর্মচারীদের গৃহ নির্মাণ অগ্রিম, মটর সাইকেল অগ্রিম, বাইসাইকেল অগ্রিম মঞ্জুরী সংক্রান্ত কার্যাবলী।
৩. অর্থ বিভাগের কর্মকর্তা- কর্মচারীদের বাজেট সম্মানী মঞ্জুরী সংক্রান্ত কার্যাবলী।
৪. অর্থ বিভাগের কোটাভুক্ত এ.বি.সি শ্রেণীর বাসা বরাদ্দ সংক্রান্ত কার্যাবলী।
৫. অর্থ বিভাগের গ্রহণ ও প্রেরণ ইউনিটের যাবতীয় কার্য সম্পাদন।
৬. অর্থ বিভাগের নিরাপত্তা বিধান নিশ্চিতকরণ।
৭. অর্থ বিভাগের কল্যাণ কর্মকর্তার যাবতীয় কাজ সম্পাদন।
৮. অর্থ বিভাগের কার্য উন্নয়ন টিমের সাচিবিক দায়িত্ব পালন।
৯. অর্থ বিভাগের ই- বুক হালনাগাদকরণ।
১০. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### **প্রশাসন- ৫ শাখা**

১. বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ এবং অধীনস্থ অফিসসমূহ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং বিধিবদ্ধ সংস্থার ওপর মহা- হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক প্রণীত অডিট রিপোর্ট সংসদে পেশ সম্পর্কিত কার্যাবলী।
২. বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ থেকে প্রাপ্ত সংবিধিবদ্ধ অডিট আপত্তির শ্রেণীবিন্যাসকৃত ষাণ্মাসিক সমন্বিত প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ সম্পর্কিত কার্যাবলী।
৩. প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরিতব্য সমন্বিত প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার জন্য অর্থ বিভাগের প্রতিবেদন প্রণয়ন সম্পর্কিত কার্যাবলী।
৪. সরকারি অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকল্পে প্রয়োজনীয় নির্দেশনা জারি সংক্রান্ত কাজ।
৫. বাংলাদেশ দূতাবাস, মিশন ও বিদেশে অবস্থিত অফিসসমূহের অডিট রিপোর্ট নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করা।
৬. গুরুত্বপূর্ণ আর্থিক অনিয়ম সংক্রান্ত বিশেষ অডিট রিপোর্ট সংক্রান্ত প্রাসংগিক কাজ সম্পাদন।
৭. অডিট রিপোর্ট সংক্রান্ত বিভিন্ন ধরনের সরকারি আদেশ/ নির্দেশ বাস্তবায়ন।
৮. সংশ্লিষ্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাগণের অফিস হতে প্রাপ্ত বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক অনিয়মিত খরচের বিল পাশ সংক্রান্ত প্রতিবেদনের ওপর ব্যবস্থা গ্রহণ।
৯. প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণের জন্য অর্থ বিভাগের অধীনস্থ দপ্তর/ সংস্থার সংবিধিবদ্ধ অডিট আপত্তি/ নিষ্পত্তি সংক্রান্ত ষাণ্মাসিক প্রতিবেদন প্রণয়ন।
১০. বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর হতে প্রাপ্ত আপত্তিসমূহের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা।

১১. পাবলিক একাউন্টস কমিটির গঠন সংক্রান্ত কার্যাবলী।
১২. অর্থ বিভাগের অধীনস্থ স্বায়ত্তশাসিত ও আধা- স্বায়ত্তশাসিত সংস্থাসমূহ সম্পর্কে পাবলিক একাউন্টস কমিটির সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত বিষয়াদি।
১৩. অর্থ বিভাগের অধীনস্থ বিধিবদ্ধ সংস্থাসমূহ সম্বন্ধে পাবলিক একাউন্টস কমিটির সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত কাজ।
১৪. পাবলিক একাউন্টস কমিটিতে আলোচনার জন্য অর্থ বিভাগের অধীনস্থ বিধিবদ্ধ সংস্থাসমূহের অডিট আপত্তির জবাব সংগ্রহ ও সমন্বয় সাধন।
১৫. জাতীয় সংসদের সরকারি প্রতিষ্ঠান সম্পর্কিত স্থায়ী কমিটি সংক্রান্ত কার্যাবলী।
১৬. জাতীয় সংসদের সরকারি প্রতিষ্ঠান কমিটির প্রতিবেদন/ সুপারিশ বাস্তবায়নকল্পে কার্যপত্র প্রণয়ন।
১৭. অনুমিত হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্যক্রমের ওপর ব্যবস্থা গ্রহণ।
১৮. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### **প্রশাসন- ৬ শাখা**

১. অর্থ বিভাগে ব্যবহারের জন্য যাবতীয় আসবাবপত্র/ স্টেশনারি দ্রব্যাদি/ কম্পিউটার/ যানবাহন সংগ্রহ, ক্রয়, বিতরণ ও সংরক্ষণ এবং জ্বালানী বিল পরিশোধ।
২. অর্থ বিভাগের বিভিন্ন সভা/ সম্মেলনে আপ্যায়ন/ ভোজসভা অয়োজন সংক্রান্ত ব্যবস্থা গ্রহণ/ বিল পরিশোধ ও অন্যান্য আনুষঙ্গিক কার্যাদি সম্পন্ন করা।
৩. অর্থ বিভাগের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য পোষাক- পরিচ্ছদ সরবরাহ এবং এ সংক্রান্ত যাবতীয় কাজ সম্পন্ন করা।
৪. অর্থ বিভাগের দরপত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন।
৫. অর্থ বিভাগের কনডেমনেশন কমিটির সাচিবিক দায়িত্ব পালন।
৬. বিভিন্ন দপ্তর/ সংস্থার সাথে যোগাযোগ/ প্রেরিত কার্ড বিতরণ/ সমন্বয় সাধন/ প্রটোকল সংক্রান্ত কার্যাবলী।
৭. অর্থ বিভাগের কর্মকর্তাদের দাপ্তরিক ও আবাসিক টেলিফোন মঞ্জুরী খাত পরিবর্তন, স্থানান্তর বিল পরিশোধ সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করা।
৮. অর্থ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাদের দাপ্তরিক কাজের সুবিধার জন্য ইন্টারকম টেলিফোন স্থাপন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যাবলী।
৯. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### **হিসাব কোষ**

১. অর্থ বিভাগের সকল কর্মকর্তা- কর্মচারীদের বেতন ও ভাতা বিল প্রণয়ন ও প্রক্রিয়াকরণ।
২. ক্যাশ বই রক্ষণাবেক্ষণ।
৩. জিপি ফান্ড এবং গৃহ নির্মাণ, মোটরগাড়ী, মোটর সাইকেল, বাই সাইকেল, কম্পিউটার ক্রয়ের জন্য ঋণ অগ্রিমের বিল প্রস্তুতকরণ ও পরিশোধকরণ।
৪. এজি অফিস থেকে আদায় ও খরচের নিরীক্ষার পূর্ণ বিবরণ সংগ্রহ ও সংরক্ষণ করা।
৫. কর্মচারীগণের বেতন বহি তদন্ত ও পরীক্ষাকরণ।
৬. নন- গেজেটেড কর্মচারীগণের তদন্তসহ শেষ বেতনের প্রত্যয়ন পত্র প্রদান করা।
৭. নন- গেজেটেড কর্মচারীগণের ছুটির রিপোর্ট তৈরী ও প্রদান করা।
৮. কর্মচারীগণ বিনা বেতনে অর্জিত ছুটিতে থাকলে পরবর্তী বর্ধিত বেতন নির্ধারণ করা।
৯. সিলেকশন গ্রেড/ টাইম স্কেল প্রদানের ক্ষেত্রে সার্ভিসবুক পরীক্ষা ও নির্ধারণের ফরম পরীক্ষাকরণ।
১০. পেনশন সংক্রান্ত যাবতীয় বিল প্রক্রিয়াকরণ।
১১. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।



## আইন অধিশাখা

### আইন কোষ- ১

১. রাষ্ট্রপতির কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সরকারি কর্মকমিশন, অর্থ মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, নির্বাচন কমিশন সচিবালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পার্বত্য চট্টগাম বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও তদসংযুক্ত দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর, রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহকে পক্ষ করে দায়েরকৃত রীট মামলাসমূহের আরজি এবং উক্ত রীট হতে উদ্ভূত আপীল মামলাসমূহের ওপর যথাক্রমে সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রস্তুতকৃত জবাব/ তথ্য বিবরণী এবং আপীল গ্রাউন্ডস সংগ্রহপূর্বক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন সলিসিটর উইং এবং অ্যাটার্ণি জেনারেল অব বাংলাদেশ এর কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ ও ওকালতনামা দাখিল।
২. উপরোক্ত মন্ত্রণালয় সমূহের সাথে সংশ্লিষ্ট ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে অবস্থিত প্রশাসনিক ট্রাইব্যুনালে দায়েরকৃত মামলা এবং উক্ত মামলা হতে উদ্ভূত প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে দায়েরকৃত আপীল মামলা সমূহের ক্ষেত্রে যথাক্রমে দফাওয়ারী জবাব (Statement of Facts)/ Appeal Grounds সংশ্লিষ্ট শাখা/ দপ্তর হতে সংগ্রহপূর্বক আদালতে দাখিলের ব্যবস্থা করা।
৩. আদালত অবমাননা মামলায় কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট শাখা/ দপ্তর হতে তথ্য বিবরণী সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও নিয়োজিত আইনজীবীর নিকট প্রেরণ। একই সাথে ধার্য তারিখে উপস্থিত থেকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ।
৪. সচিব, অর্থ বিভাগের পক্ষে এফিডিভিট ইন অপজিশনে স্বাক্ষর প্রদান এবং উপযুক্ত ক্ষেত্রে স্বাক্ষর গ্রহণ।
৫. যে সকল মামলায় অর্থ বিভাগ প্রধান প্রতিপক্ষ নয় সে সকল মামলায় প্রতিদ্বন্দিতার জন্য প্রয়োজনীয় সকল আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাকে অনুরোধ জ্ঞাপন এবং পরিবীক্ষণ (মনিটরিং) অব্যাহত রাখা।
৬. মামলায় প্রতিদ্বন্দিতার প্রয়োজনে সময়ের আবেদন করা, অ্যাটার্ণি জেনারেল অফিস কর্তৃক নিয়োজিত আইনজীবীকে তথ্য সরবরাহ করা এবং প্রয়োজন হলে আদালতে উপস্থিত থাকা।
৭. যে সব মামলায় সরকারের বিপক্ষে Rule Absolute হয় সে সব ক্ষেত্রে Leave to Appeal দায়েরের ব্যবস্থা করা এবং পরবর্তীতে সংশ্লিষ্ট শাখা/ দপ্তর হতে Appeal Grounds with overall Comments সংগ্রহ করে সলিসিটর উইং এ প্রেরণ।
৮. উপর্যুক্ত রিট/ আপীল/ আদালত অবমাননার মামলাসমূহের কার্যকর প্রতিদ্বন্দিতার জন্য যথাযথ পরিবীক্ষণ (মনিটরিং) এর ব্যবস্থা গ্রহণ।
৯. অর্থ বিভাগ সংশ্লিষ্ট শাখা/ দপ্তর হতে প্রস্তুতকৃত খসড়া জবাব প্রাপ্তির পর তা পরীক্ষা- নিরীক্ষা করে যুগ্ম- সচিব/ অতিরিক্ত সচিব এবং প্রযোজ্য ক্ষেত্রে সচিব মহোদয়ের অনুমোদন গ্রহণ করে সলিসিটর উইং এ প্রেরণ এবং এ বিষয়ে অ্যাটার্ণি জেনারেল এর কার্যালয়ের সাথে যোগাযোগ রক্ষা।
১০. মামলা পরিচালনার জন্য নিয়োগকৃত আইনজীবীর বিল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
১১. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### আইন কোষ- ২

১. কৃষি মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, ধর্ম মন্ত্রণালয়, নৌ- পরিবহন মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বিজ্ঞান এবং তথ্যপ্রযুক্তি ও যোগাযোগ মন্ত্রণালয়, সড়ক বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়), সেতু বিভাগ (যোগাযোগ মন্ত্রণালয়), রেলপথ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয় এবং তদসংযুক্ত দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর, রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহকে পক্ষ করে দায়েরকৃত রীট মামলাসমূহের আরজি এবং উক্ত রীট হতে উদ্ভূত আপীল মামলাসমূহের ওপর যথাক্রমে সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রস্তুতকৃত জবাব/ তথ্য বিবরণী এবং আপীল গ্রাউন্ডস সংগ্রহপূর্বক আইন, বিচার ও

- সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন সলিসিটর উইং এবং অ্যাটার্ণি জেনারেল অব বাংলাদেশ এর কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ, ওকালতনামা দাখিল।
২. উপরোক্ত মন্ত্রণালয়সমূহের সাথে সংশ্লিষ্ট ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে অবস্থিত প্রশাসনিক ট্রাইব্যুনালে দায়েরকৃত মামলা এবং উক্ত মামলা হতে উদ্ভূত প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে দায়েরকৃত আপীল মামলা সমূহের ক্ষেত্রে যথাক্রমে দফাওয়ারী জবাব (Statement of Facts)/ Appeal Grounds সংশ্লিষ্ট শাখা/ দপ্তর হতে সংগ্রহপূর্বক আদালতে দাখিলের ব্যবস্থা করা।
  ৩. সচিব, অর্থ বিভাগের পক্ষে এফিডিভিট ইন অপজিশনে স্বাক্ষর প্রদান এবং উপযুক্ত ক্ষেত্রে স্বাক্ষর গ্রহণ।
  ৪. যে সকল মামলায় অর্থ বিভাগ প্রধান প্রতিপক্ষ নয় সে সকল মামলায় প্রতিদ্বন্দিতার জন্য প্রয়োজনীয় সকল আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাকে অনুরোধ জ্ঞাপন এবং পরিবীক্ষণ (মনিটরিং) অব্যাহত রাখা।
  ৫. মামলায় প্রতিদ্বন্দিতার প্রয়োজনে সময়ের আবেদন করা, অ্যাটার্ণি জেনারেল অফিস কর্তৃক নিয়োজিত আইনজীবীকে তথ্য সরবরাহ করা এবং প্রয়োজন হলে আদালতে উপস্থিত থাকা।
  ৬. যে সব মামলায় সরকারের বিপক্ষে Rule Absolute হয় সে সব ক্ষেত্রে Leave to Appeal দায়েরের ব্যবস্থা করা এবং পরবর্তীতে সংশ্লিষ্ট শাখা/ দপ্তর হতে Appeal Grounds with overall Comments সংগ্রহ করে সলিসিটর উইং এ প্রেরণ।
  ৭. উপর্যুক্ত রিট/ আপীল/ আদালত অবমাননার মামলাসমূহের কার্যকর প্রতিদ্বন্দিতার জন্য যথাযথ পরিবীক্ষণ (মনিটরিং) এর ব্যবস্থা গ্রহণ।
  ৮. অর্থ বিভাগ সংশ্লিষ্ট শাখা/ দপ্তর হতে প্রস্তুতকৃত খসড়া জবাব প্রাপ্তির পর তা পরীক্ষা- নিরীক্ষা করে যুগ্ম- সচিব/ অতিরিক্ত সচিব এবং প্রয়োজ্য ক্ষেত্রে সচিব মহোদয়ের অনুমোদন গ্রহণ করে সলিসিটর উইং এ প্রেরণ এবং এ বিষয়ে অ্যাটার্ণি জেনারেল এর কার্যালয়ের সাথে যোগাযোগ রক্ষা।
  ৯. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

## বাজেট ও পরিকল্পনা অধিশাখা

### বাজেট ও পরিকল্পনা- ১ শাখা

১. অর্থ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তরসমূহের বাৎসরিক বাজেট প্রাক্কলন এবং সংশোধিত বাজেট প্রণয়ন।
২. অর্থ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তরসমূহের মধ্যমেয়াদী বাজেট প্রণয়নের জন্য নিম্নে বর্ণিত বিষয়সমূহে বাজেট ব্যবস্থাপনা কমিটিকে কারিগরি সহায়তা প্রদানঃ
  - ক) মন্ত্রণালয়/ বিভাগের স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা এবং নীতি নির্ধারণী দলিল প্রণয়ন।
  - খ) মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামো (MBF) প্রস্তুত/ হালনাগাদ করা।
  - গ) মন্ত্রণালয়/ বিভাগের উপর্যুক্ত কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) ও মধ্যমেয়াদী লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং হালনাগাদকরণ।
  - ঘ) রাজস্ব আয় এবং অনুন্নয়ন ব্যয়ের মধ্যমেয়াদী প্রাক্কলন/ প্রক্ষেপণ প্রস্তুত করা।
  - ঙ) পূর্ব নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত কর্মসম্পাদন মনিটর করা এবং লক্ষ্যমাত্রাসমূহ যাতে অর্জিত হয় তা নিশ্চিত করার লক্ষ্যে উপর্যুক্ত ব্যবস্থা গ্রহণ।
  - চ) রাজস্ব আহরণের অগ্রগতি মনিটর করা এবং মন্ত্রণালয়/ বিভাগের রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।
  - ছ) অনুমোদিত বাজেটের বিপরীতে দপ্তর/ সংস্থা/ প্রকল্প/ কর্মসূচিওয়ারী এবং অর্থনৈতিক শ্রেণীবিন্যাসওয়ারী ব্যয় মনিটর করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা এবং বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশী না হয় তা নিশ্চিত করা।
৩. অর্থ বিভাগ হতে প্রাপ্ত সম্পদ সীমার ভিত্তিতে (Resource Ceiling) সচিবালয় এবং অধীনস্থ দপ্তর/ সংস্থার মধ্যে সম্পদ বন্টনের খসড়া প্রস্তাব প্রণয়ন।
৪. অনুন্নয়ন ব্যয় ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করা।
৫. অনুন্নয়ন বাজেট বাস্তবায়ন সম্পর্কিত কার্যাবলী।

৬. 'বাজেট ব্যবস্থাপনা কমিটি' ও 'বাজেট ওয়ার্কিং গ্রুপ' -এর বিবেচনার জন্য অধীনস্থ দপ্তর/ সংস্থা হতে বাজেট বাস্তবায়ন (অর্থ ছাড়, ব্যবহার) সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ, একত্রীকরণ এবং বিশ্লেষণপূর্বক মাসিক এবং ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন করা।
৭. পুনঃ উপযোজনসহ মন্ত্রণালয়/ বিভাগসমূহকে প্রদত্ত আর্থিক ক্ষমতার যথাযথ ব্যবহার নিশ্চিত করা।
৮. অর্থ বিভাগ প্রণীত নির্দেশনা এবং ছক অনুযায়ী মন্ত্রণালয়/ বিভাগের আর্থিক ও অ-আর্থিক (Financial and Non-financial) কর্মসম্পাদনের ওপর ত্রৈমাসিক/ বার্ষিক প্রতিবেদন প্রস্তুতপূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন।
৯. ত্রৈমাসিক এবং বার্ষিক কর্মসম্পাদন মনিটরিং প্রতিবেদন বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক পরীক্ষার পর উক্ত কমিটির সুপারিশ ও সিদ্ধান্তসহ বাজেট মনিটরিং ও সম্পদ কমিটিতে প্রেরণ করা।
১০. হিসাবের সংগতি সাধন (Reconciliation of Accounts) সম্পর্কিত কার্যাবলি।
১১. বার্ষিক উপযোজন হিসাব (Annual Appropriation Accounts) প্রণয়ন।
১২. বাজেট ব্যবস্থাপনা কমিটি, বাজেট ওয়ার্কিং গ্রুপ এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির উপ-কমিটিকে (যদি থাকে) সাচিবিক সহায়তা প্রদান করা।
১৩. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### **বাজেট ও পরিকল্পনা- ২ শাখা**

১. অর্থ বিভাগ এবং অধীনস্থ দপ্তরের উন্নয়ন বাজেট প্রণয়নের জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহে বাজেট ব্যবস্থাপনা কমিটিকে কারিগরি সহায়তা প্রদানঃ
  - ক) মন্ত্রণালয়/ বিভাগের স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা এবং নীতি নির্ধারণী দলিল প্রণয়ন।
  - খ) মন্ত্রণালয়/ বিভাগের বাজেট কাঠামো (MBF) প্রস্তুত/ হালনাগাদ করা।
  - গ) মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের লক্ষ্য প্রকল্প/ কর্মসূচি চিহ্নিত করা।
  - ঘ) উন্নয়ন প্রকল্প/ কর্মসূচিসমূহের অগ্রাধিকার নির্ধারণ করা।
  - ঙ) মন্ত্রণালয়/ বিভাগের উপর্যুক্ত কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) ও মধ্যমেয়াদী লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং হালনাগাদকরণ।
  - চ) রাজস্ব আয় ও উন্নয়ন ব্যয়ের মধ্যমেয়াদী প্রাক্কলন/ প্রক্ষেপণ প্রস্তুত করা।
  - ছ) পূর্ব নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত কর্মসম্পাদন মনিটর করা এবং লক্ষ্যমাত্রাসমূহ যাতে অর্জিত হয় তা নিশ্চিত করার লক্ষ্যে উপর্যুক্ত ব্যবস্থা গ্রহণ।
  - জ) অনুমোদিত বাজেটের বিপরীতে দপ্তর/ সংস্থা/ প্রকল্প/ কর্মসূচিওয়ারী এবং অর্থনৈতিক শ্রেণীবিন্যাসওয়ারী ব্যয় মনিটর করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা এবং বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশী না হয় তা নিশ্চিত করা।
  - ঝ) অভ্যন্তরীণ ও বিধিবদ্ধ নিরীক্ষা (Internal and Statutory Audit) প্রতিবেদন পর্যালোচনা এবং যথাযথ প্রশাসনিক ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা।
২. সকল চলমান উন্নয়ন প্রকল্প/ কর্মসূচির ত্রৈমাসিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করা।
৩. উন্নয়ন বাজেট বাস্তবায়ন সম্পর্কিত কার্যাবলি।
৪. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

**বাজেট- ১ অনুবিভাগ**  
**(বাজেট- সংস্কার ও সামাজিক অবকাঠামো)**

১. জাতীয় বাজেট প্রণয়ন সংক্রান্ত কাজের সার্বিক সমন্বয় এবং যথাসময়ে জাতীয় সংসদে বাজেট উপস্থাপন।
২. সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ এবং বাজেট- ২ অনুবিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে বাজেট প্রণয়ন সংক্রান্ত নীতিমালা/ আদেশ/ পরিপত্র প্রণয়ন ও জারি।
৩. জনপ্রশাসন, প্রতিরক্ষা, জন শৃঙ্খলা ও নিরাপত্তা, শিক্ষা ও প্রযুক্তি, স্বাস্থ্য, সামাজিক নিরাপত্তা ও কল্যাণ এবং বিনোদন, সংস্কৃতি ও ধর্ম প্রভৃতি খাতের আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেট সংক্রান্ত কার্যাদি।
৪. বাজেট প্রণয়নের সাথে সম্পর্কিত সরকারি আর্থিক তথ্য- উপাত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে সংগ্রহ, পরীক্ষা, বিশ্লেষণ এবং মূল্যায়ন।
৫. সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ এবং বাজেট অনুবিভাগ- ২ এর সাথে সমন্বয়ের মাধ্যমে মন্ত্রণালয়ভিত্তিক খসড়া ব্যয়- সীমা ও রাজস্ব প্রাপ্তির খসড়া লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং সংশ্লিষ্ট ওয়ার্কিং গ্রুপ/ কমিটির সভায় উপস্থাপন।
৬. বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়সমূহকে পরামর্শ ও সহায়তা প্রদান।
৭. বাজেট মনিটরিং ও সম্পদ কমিটিকে সচিবিক সহায়তা প্রদান।
৮. বাজেট প্রণয়নের বিষয়ে পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ ব্যাংক এবং সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/ সংস্থাসমূহের সাথে প্রয়োজনীয় সমন্বয়।
৯. যথাসময়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচির জন্য প্রাপ্তব্য সম্পদ সম্পর্কে পরিকল্পনা কমিশনকে অবহিত করা।
১০. ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে সরকারের আয় ও ব্যয় পরিস্থিতি মনিটর করা এবং এ লক্ষ্যে আধুনিক কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন করা।
১১. ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে নন- ব্যাংক ও ব্যাংকিং সূত্র হতে গৃহীত ঋণ সম্পর্কে নিয়মিত প্রতিবেদন প্রণয়ন এবং করণীয় সম্পর্কে সুপারিশ করা।
১২. বাজেট বক্তৃতার খসড়া প্রণয়ন।
১৩. বাজেটের ওপর মন্ত্রিসভার জন্য সার- সংক্ষেপ প্রস্তুত করা।
১৪. বাজেটের সংক্ষিপ্ত- সার প্রণয়ন।
১৫. বাজেট- ২ অনুবিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে বাজেট বই/ পুস্তিকাসমূহের পান্ডুলিপি প্রস্তুতকরণ, মুদ্রণ ও বিতরণ সংক্রান্ত সকল কাজ।
১৬. অর্থ বিল প্রক্রিয়াকরণ।
১৭. নির্দিষ্টকরণ বিল, নির্দিষ্টকরণ (সম্পূরক) বিল এবং বাজেট সংক্রান্ত অধ্যাদেশ জারি সংক্রান্ত কাজ।
১৮. সংশ্লিষ্ট খাতসমূহের পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের ব্যবহার ও পুনর্ভরণ পরিবীক্ষণ সংক্রান্ত কার্যাদি।
১৯. উন্নয়ন সহযোগীর সাথে সম্পাদনযোগ্য সাহায্য চুক্তির (সংশ্লিষ্ট খাতসমূহের) ব্যাপারে অর্থ বিভাগের মতামত প্রদান করা এবং স্বাক্ষরিত চুক্তির অনুলিপি ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগে প্রেরণ করা।
২০. ক্ষুদ্র ঋণ এবং বিভিন্ন তহবিলের বরাদ্দকৃত অর্থ অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সাথে আলোচনার মাধ্যমে পরিবীক্ষণ ও অর্থ ছাড়।
২১. Aid harmonization- সহ বিশ্ব ব্যাংক, বিশ্ব বাণিজ্য সংস্থা, সার্ক ডেভেলপমেন্ট ফান্ড, ইউএনসিটিএডি প্রমুখ আন্তর্জাতিক ও আঞ্চলিক প্রতিষ্ঠানের সাথে সেক্টোরাল বিষয়ে যোগাযোগ ও সমন্বয় রক্ষা করা।
২২. জিএফএস ও আর্টিকেল- ৪ কনসালটেশনসহ আইএমএফ সংক্রান্ত বিষয়াদি।
২৩. আর্থিক ব্যবস্থাপনার সংস্কারের রূপরেখা প্রণয়ন, হালনাগাদকরণ এবং এ সংক্রান্ত প্রকল্প বাস্তবায়ন।
২৪. অধীনস্থ কর্মকর্তাদের মধ্যে কর্মবন্টনসহ প্রয়োজনীয়তার আলোকে কর্মকর্তা ও কর্মচারীদের পদায়ন/ বদলি সংক্রান্ত কার্যাদি।
২৫. প্রজাতন্ত্রের সরকারি হিসাব এবং পিএল একাউন্ট এবং রিভলভিং ক্রেডিট একাউন্ট সংক্রান্ত কার্যাদি।
২৬. এফএসএমইউ- এর তত্ত্বাবধান সংক্রান্ত কার্যবলী।
২৭. প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদন সংক্রান্ত কার্যবলী।
২৮. আদালতের রায় বাস্তবায়নের পূর্বে সংশ্লিষ্ট মামলার বিষয়ে সকল প্রক্রিয়া সম্পন্ন হয়েছে কিনা এ বিষয়ে আইন কোষের সাথে সমন্বয় সাধন।

## বাজেট- ১ অধিশাখা

### বাজেট- ১ শাখা

১. অর্থ বিভাগের অন্যান্য অনুবিভাগের সাথে এবং বাজেট- ১ অনুবিভাগের বিভিন্ন শাখার মধ্যে বাজেট সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সার্বিক সমন্বয় রক্ষা করা।
২. বাজেট প্রণয়ন সংক্রান্ত নীতিমালা/ আদেশ/ পরিপত্র ইত্যাদির খসড়া প্রণয়ন ও জারি সংক্রান্ত কাজ।
৩. মন্ত্রণালয়ভিত্তিক খসড়া ব্যয়- সীমা নির্ধারণ সংক্রান্ত কাজ।
৪. বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন।
৫. বাজেট- ১ অনুবিভাগ এবং বাজেট- ২ অনুবিভাগের সকল শাখার সাথে সমন্বয়ের মাধ্যমে বাজেট বই/ পুস্তিকাসমূহের পান্ডুলিপি প্রস্তুতকরণ, মুদ্রণ ও বিতরণ সংক্রান্ত সকল কাজ।
৬. বাজেট অনুবিভাগ- ১ এবং বাজেট অনুবিভাগ- ২ এর সকল শাখার সাথে সমন্বয়ের মাধ্যমে সংশোধিত বাজেট, সম্পূরক বাজেট এবং সংশোধিত ব্যয়ের কর্তৃত্ব অর্পণ সংক্রান্ত কাজ।
৭. বাজেট ফরমসমূহ এবং বাজেট আলোচনার কর্মসূচি প্রণয়ন, মুদ্রণ ও বিতরণ সংক্রান্ত কাজ।
৮. জাতীয় বাজেট সংসদে উপস্থাপন বিষয়ক সকল কাজ।
৯. জাতীয় বাজেট প্রণয়ন সংক্রান্ত কাজের সার্বিক সমন্বয়।
১০. বাজেটারী আউটটার্ণ (Outturn) এবং আউটকাম (Outcome) সম্পর্কিত প্রতিবেদন প্রণয়নের কাজ।
১১. বাজেট প্রণয়ন সংক্রান্ত বিষয়ে পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রভৃতির সাথে সমন্বয়।
১২. জিএফএস এবং আর্টিকেল- ৪ কনসালটেশনসহ আইএমএফ সংক্রান্ত বিষয়াদি।
১৩. বাজেট প্রণয়নের সাথে সম্পর্কিত আর্থিক তথ্য- উপাত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে সংগ্রহ, পরীক্ষা, বিশ্লেষণ এবং মূল্যায়ন করা।
১৪. বাজেট সংক্রান্ত ভোটের দাবী প্রণয়ন ও বিতরণ।
১৫. অর্থ বিল প্রক্রিয়াকরণ।
১৬. নির্দিষ্টকরণ বিল, নির্দিষ্টকরণ (সম্পূরক) বিল সংক্রান্ত কাজ।
১৭. প্রজাতন্ত্রের সরকারি হিসাব সংক্রান্ত সকল কাজ।
১৮. পিএল একাউন্ট এবং রিভলভিং ক্রেডিট একাউন্ট সংক্রান্ত কাজ।
১৯. অর্থ বিভাগ, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, মহা- হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত নিম্নোক্ত কার্যাদি:
  - ক) মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতাভুক্ত হওয়া সাপেক্ষে মন্ত্রণালয়/ বিভাগ/ সাংবিধানিক প্রতিষ্ঠানের বাজেট কাঠামো প্রণয়ন ও হালনাগাদকরণ সংক্রান্ত কাজ।
  - খ) রাজস্ব প্রাপ্তি এবং অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়ের বিস্তারিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ পরীক্ষা ও চূড়ান্তকরণ সংক্রান্ত কাজ।
  - গ) অর্থ অবমুক্তকরণ সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা ও প্রক্রিয়াকরণ।
  - ঘ) অগ্রিম প্রদান সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা ও প্রক্রিয়াকরণ।
  - ঙ) অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রদান সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা ও প্রক্রিয়াকরণ।
  - চ) পুনঃউপযোজন সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা ও প্রক্রিয়াকরণ।
  - ছ) পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের ব্যবহার ও পুনর্ভরণ পরিবীক্ষণ সংক্রান্ত কার্যাদি।
  - জ) উন্নয়ন প্রকল্প গ্রহণ সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা ও মতামত প্রদান।
  - ঝ) উন্নয়ন প্রকল্পের জনবল ও সরঞ্জামাদি নির্ধারণ সংক্রান্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান।
  - ঞ) রাজস্ব বাজেট হতে অর্থায়নযোগ্য উন্নয়ন কর্মসূচি প্রক্রিয়াকরণ এবং এ সংক্রান্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান।
  - ট) অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সাথে আলোচনার মাধ্যমে কর্মসূচির বাস্তবায়ন পরিবীক্ষণ।
  - ঠ) অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সাথে আলোচনার মাধ্যমে ক্ষুদ্র ঋণ এবং বিভিন্ন তহবিলের বরাদ্দকৃত অর্থ পরিবীক্ষণ ও অর্থ ছাড়।

- ড) সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ রাজস্ব বাজেটে স্থানান্তর সংক্রান্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান।
  - ঢ) প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের জন্য নীতিপত্র (Policy Paper) প্রণয়ন ও হালনাগাদকরণ।
  - ণ) প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগকে বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সহায়তা/ পরামর্শ প্রদান।
  - ত) উন্নয়ন সহযোগীর সাথে সম্পাদনযোগ্য সাহায্য চুক্তির (সংশ্লিষ্ট খাতসমূহের) ব্যাপারে মতামত প্রদান।
২০. বাজেট মনিটরিং রিসোর্স কমিটি (বিএমআরসি) ও মূলধন বাজেটের সমন্বয় সংক্রান্ত কার্যাবলী।
  ২২. বাজেট- ১ অনুবিভাগ এবং বাজেট- ২ অনুবিভাগের অভ্যন্তরীণ প্রশাসন সংক্রান্ত বিষয়াদি।
  ২২. মন্ত্রণালয়ভিত্তিক খসড়া ব্যয়- সীমা নির্ধারণ ও বাজেট প্রাক্কলন সংক্রান্ত ওয়ার্কিং গ্রুপকে সাচিবিক সহায়তা প্রদান।
  ২৩. প্রাক বাজেট আলোচনা সংক্রান্ত কার্যাবলী।
  ২৪. এ তালিকা বহির্ভূত বাজেট- ১ অনুবিভাগের সকল কাজ।
  ২৫. অর্থ বিভাগের ওয়েব- সাইট নিয়মিতভাবে হালনাগাদকরণ।
  ২৬. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### **বাজেট- ২ শাখা**

১. শিক্ষা মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং সরকারি কর্মকমিশনের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. অর্থ অবমুক্তি ও বিল দাখিলের সময়- সীমা এবং জুন মাসে ইস্যুকৃত চেকের মেয়াদ সংক্রান্ত কার্যাবলী।
৩. আদালতের রায় অনুযায়ী অর্থ ফেরৎ সংক্রান্ত যাবতীয় কাজ।
৪. সরকারি কর্মকর্তা ও কর্মচারীদেরকে গৃহনির্মাণ, মোটরগাড়ী ও মোটর সাইকেল অগ্রিম সংক্রান্ত নীতিমালা প্রণয়ন।
৫. হিসাব সমন্বয় সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয়ের টাস্কফোর্সকে সাচিবিক সহায়তা প্রদান।
৬. চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মকর্তা- কর্মচারীদের ঋণ ও সুদ মওকুফ সংক্রান্ত সকল কার্যাদি।
৭. রাজস্ব বাজেট হতে অর্থায়নযোগ্য উন্নয়ন কর্মসূচি প্রক্রিয়াকরণ এবং এ সংক্রান্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যাবলী।
৮. প্রজাতন্ত্রের সরকারি হিসাব সংক্রান্ত সকল কাজ।
৯. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### **বাজেট- ৩ শাখা**

১. আইন ও বিচার বিভাগ, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, সুপ্রীম কোর্ট, এবং দুর্নীতি দমন কমিশনের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. বিভিন্ন স্বায়ত্তশাসিত সংস্থার সাথে ঋণ চুক্তি এবং সহায়ক ঋণ চুক্তি (এস.এল.এ) সম্পাদন করা এবং প্রয়োজনীয় তথ্যাদির Database হালনাগাদকরণ ও বিশ্লেষণের জন্য ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগে প্রেরণ করা।
৩. Aid harmonization সহ বিশ্ব ব্যাংক, বিশ্ব বাণিজ্য সংস্থা, সাউথ এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড, ইউএনসিটিএডি প্রমুখ আন্তর্জাতিক ও আঞ্চলিক প্রতিষ্ঠানের সাথে সেক্টোরাল বিষয়ে যোগাযোগ ও সমন্বয় রক্ষা করা।
৪. আর্থিক ব্যবস্থাপনার সংস্কারের রূপরেখা প্রণয়ন, হালনাগাদকরণ এবং এ সংক্রান্ত প্রকল্প বাস্তবায়ন কাজ।
৫. প্রকল্প ব্যবস্থাপনা এবং অনুমোদন সংক্রান্ত কার্যাবলী।
৬. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### **বাজেট- ২ অধিশাখা**

### **বাজেট- ৪ শাখা**

১. রাষ্ট্রপতির কার্যালয়, নির্বাচন কমিশন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### বাজেট- ৫ শাখা

১. জাতীয় সংসদ সচিবালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### বাজেট- ৬ শাখা

১. অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### বাজেট- ৭ শাখা

১. প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিসংখ্যান বিভাগ এবং বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

## বাজেট- ৩ অধিশাখা

### বাজেট- ৮ শাখা

১. তথ্য মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### বাজেট- ৯ শাখা

১. সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, খাদ্য বিভাগ এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. জেন্ডার বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ।
৩. আর্থিক ব্যবস্থাপনার সংস্কারের রূপরেখা প্রণয়ন, হালনাগাদকরণ এবং এ সংক্রান্ত সংক্রান্ত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কাজ।
৪. সামাজিক নিরাপত্তা বেটনি বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ।
৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### বাজেট- ১০ শাখা

১. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

## ফিন্যান্সিয়াল সিস্টেম ম্যানেজমেন্ট ইউনিট (FSMU)

### সিস্টেম ম্যানেজার

১. যুগ্ম- সচিব (বাজেট- ১) এর অধীনে দায়িত্ব পালন।
২. FSMU-এর সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন।
৩. অর্থ বিভাগে কর্মরত কর্মকর্তাগণের পার্সোনেল ডাটা- শীট (পিডিএস) সুবিন্যস্ত পদ্ধতিতে সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ, প্রতিনিয়ত হালনাগাদকরণ প্রভৃতি কাজ সুচারুরূপে সম্পন্নকরণের জন্য অধীনস্থ কর্মকর্তা- কর্মচারীগণের কাজ তদারকি।
৪. প্রচলিত ডাটা সংগ্রহ ফরমের উন্নয়ন, নতুন ফরমের উদ্ভাবন, বিদ্যমান সফটওয়্যারসমূহের ক্রমাগত উন্নয়ন ও হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
৫. জাতীয় বাজেট প্রণয়নে তথ্য প্রযুক্তির সুষ্ঠু ব্যবহার।
৬. অর্থ বিভাগে দারিদ্র বিমোচনের কৌশলপত্রে নীতিমালার আলোকে প্রণীত দারিদ্র ও জেডারভিত্তিক তথ্যসমূহের হালনাগাদ রিপোর্ট তৈরি করার জন্য একটি ডাটাবেইজ সফটওয়্যার রক্ষণাবেক্ষণ।
৭. অর্থ বিভাগের কম্পিউটার সার্ভার রুম এবং সিজিএ'র কম্পিউটার সার্ভার রুমের সাথে নেটওয়ার্ক দ্বারা যোগাযোগ রক্ষা।
৮. অর্থ বিভাগের কর্মকর্তা- কর্মচারীদেরকে কম্পিউটার সংক্রান্ত যাবতীয় প্রশিক্ষণ প্রদান।
৯. অর্থ বিভাগকে ই- গভর্ন্যান্স সংক্রান্ত কাজের সমন্বয় সাধনে সহায়তা প্রদান।
১০. অর্থ বিভাগের সকল কর্মকর্তার ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সকল কাজে সহায়তা করা।
১১. ওয়েব সাইট রক্ষণাবেক্ষণ, তথ্য হালনাগাদকরণ, নতুন তথ্য সংযোজন, বিয়োজন সংশ্লিষ্ট সকল কাজের তদারকি করা।
১২. অর্থ বিভাগের হার্ডওয়্যার সংক্রান্ত ক্রয়, রক্ষণাবেক্ষণ এবং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
১৩. অর্থ বিভাগের ওপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় কম্পিউটার হার্ডওয়্যার, অন্যান্য আনুষঙ্গিক যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদি ক্রয়/ সংগ্রহে উদ্যোগী হওয়া।
১৪. নতুন কোন হার্ডওয়্যার সম্পর্কিত কম্পিউটার প্রযুক্তি সম্পর্কে অর্থ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদেরকে অবহিতকরণ এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।
১৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### সিনিয়র সিস্টেম এনালিস্ট

১. যুগ্ম- সচিব (বাজেট- ১) এর অধীনে দায়িত্ব পালন।
২. অর্থ বিভাগে কর্মরত কর্মকর্তাগণের পার্সোনেল ডাটা- শীট (পিডিএস) সুবিন্যস্ত পদ্ধতিতে সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ, প্রতিনিয়ত হালনাগাদকরণ প্রভৃতি কাজ সুচারুরূপে সম্পন্নকরণের জন্য অধীনস্থ কর্মকর্তা- কর্মচারীগণের কাজ তদারকি।
৩. প্রচলিত ডাটা সংগ্রহ ফরমের উন্নয়ন, নতুন ফরমের উদ্ভাবন, বিদ্যমান সফটওয়্যারসমূহের ক্রমাগত উন্নয়ন ও হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
৪. জাতীয় বাজেট প্রণয়নে তথ্য প্রযুক্তির সুষ্ঠু ব্যবহার।
৫. অর্থ বিভাগে দারিদ্র বিমোচনের কৌশলপত্রের নীতিমালার আলোকে প্রণীত দারিদ্র ও জেডারভিত্তিক তথ্যসমূহের হালনাগাদ রিপোর্ট তৈরি করার জন্য একটি ডাটাবেইজ সফটওয়্যার রক্ষণাবেক্ষণ।
৬. অর্থ বিভাগের কম্পিউটার সার্ভার রুমের এবং সিজিএ'র কম্পিউটার সার্ভার রুমের সাথে নেটওয়ার্ক দ্বারা যোগাযোগ রক্ষা।
৭. অর্থ বিভাগের কর্মকর্তা- কর্মচারীদেরকে কম্পিউটার সংক্রান্ত যাবতীয় প্রশিক্ষণ প্রদান।
৮. অর্থ বিভাগকে ই- গভর্ন্যান্স সংক্রান্ত কাজের সমন্বয় সাধনে সহায়তা প্রদান।
৯. অর্থ বিভাগের সকল কর্মকর্তার ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সকল কাজে সহায়তা করা।
১০. ওয়েব সাইট রক্ষণাবেক্ষণ, তথ্য হালনাগাদকরণ, নতুন তথ্য সংযোজন, বিয়োজন সংশ্লিষ্ট সকল কাজের তদারকি করা।
১১. অর্থ বিভাগের হার্ডওয়্যার সংক্রান্ত ক্রয়, রক্ষণাবেক্ষণ এবং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
১২. অর্থ বিভাগের ওপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় কম্পিউটার হার্ডওয়্যার, অন্যান্য আনুষঙ্গিক যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদি ক্রয়/ সংগ্রহে উদ্যোগী হওয়া।



১৩. নতুন কোন হার্ডওয়্যার সম্পর্কিত কম্পিউটার প্রযুক্তি সম্পর্কে অর্থ বিভাগের কর্মকর্তা- কর্মচারীদেরকে অবহিতকরণ এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।
১৪. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### **সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার**

১. উপসচিব (বাজেট- ১) এর অধীনে দায়িত্ব পালন।
২. অর্থ বিভাগে কর্মরত কর্মকর্তাগণের পার্সোনেল ডাটা- শীট (পিডিএস) সুবিন্যস্ত পদ্ধতিতে সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ, প্রতিনিয়ত হালনাগাদকরণ প্রভৃতি কাজ সুচারুরূপে সম্পন্নকরণ।
৩. প্রচলিত ডাটা সংগ্রহ ফরমের উন্নয়ন, নতুন ফরমের উদ্ভাবন, বিদ্যমান সফটওয়্যারসমূহের ক্রমাগত উন্নয়ন ও হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
৪. জাতীয় বাজেট প্রণয়ণে তথ্য প্রযুক্তির সূষ্ঠা ব্যবহার।
৫. অর্থ বিভাগে দারিদ্র বিমোচনের কৌশলপত্রের নীতিমালার আলোকে প্রণীত দারিদ্র ও জেন্ডার ভিত্তিক তথ্যসমূহের হালনাগাদ রিপোর্ট তৈরি করার জন্য একটি ডাটাবেইজ সফটওয়্যার রক্ষণাবেক্ষণ।
৬. অর্থ বিভাগের কম্পিউটার সার্ভার রুম এবং সিজিএ'র কম্পিউটার সার্ভার রুমের সাথে নেটওয়ার্ক দ্বারা যোগাযোগ রক্ষা।
৭. অর্থ বিভাগের কর্মকর্তা- কর্মচারীদেরকে কম্পিউটার সংক্রান্ত যাবতীয় প্রশিক্ষণ প্রদান।
৮. অর্থ বিভাগকে ই- গভর্ন্যান্স সংক্রান্ত কাজের সমন্বয় সাধনে সহায়তা প্রদান।
৯. অর্থ বিভাগের সকল কর্মকর্তার ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সকল কাজে সহায়তা করা।
১০. ওয়েব- সাইট রক্ষণাবেক্ষণ, তথ্য হালনাগাদকরণ, নতুন তথ্য সংযোজন, বিয়োজন সংশ্লিষ্ট সকল কাজের তদারকি করা।
১১. অর্থ বিভাগের কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
১২. নতুন কোন হার্ডওয়্যার সম্পর্কিত কম্পিউটার প্রযুক্তি সম্পর্কে অর্থ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদেরকে অবহিতকরণ এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।
১৩. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### **প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার**

১. সিস্টেম ম্যানেজার- এর অধীনে দায়িত্ব পালন।
২. অর্থ বিভাগে কর্মরত কর্মকর্তাগণের পার্সোনেল ডাটা- শীট (পিডিএস) সুবিন্যস্ত পদ্ধতিতে সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ, প্রতিনিয়ত হালনাগাদকরণ প্রভৃতি কাজ সুচারুরূপে সম্পন্নকরণ।
৩. প্রচলিত ডাটা সংগ্রহ ফরমের উন্নয়ন, নতুন ফরমের উদ্ভাবন, বিদ্যমান সফটওয়্যারসমূহের ক্রমাগত উন্নয়ন ও হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
৪. জাতীয় বাজেট প্রণয়নে তথ্য প্রযুক্তির সূষ্ঠা ব্যবহার।
৫. অর্থ বিভাগের দারিদ্র বিমোচনের কৌশলপত্রের নীতিমালার আলোকে প্রণীত দারিদ্র ও জেন্ডার ভিত্তিক তথ্যসমূহের হালনাগাদ রিপোর্ট তৈরি করার জন্য একটি ডাটাবেইজ সফটওয়্যার রক্ষণাবেক্ষণ।
৬. অর্থ বিভাগের কম্পিউটার সার্ভার রুম এবং সিজিএ'র কম্পিউটার সার্ভার রুমের সাথে নেটওয়ার্ক দ্বারা যোগাযোগ রক্ষা।
৭. অর্থ বিভাগের কর্মকর্তা- কর্মচারীদেরকে কম্পিউটার সংক্রান্ত যাবতীয় প্রশিক্ষণ প্রদান।
৮. অর্থ বিভাগকে ই- গভর্ন্যান্স সংক্রান্ত কাজের সমন্বয় সাধনে সহায়তা প্রদান।
৯. অর্থ বিভাগের সকল কর্মকর্তার ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সকল কাজে সহায়তা করা।
১০. ওয়েব সাইট রক্ষণাবেক্ষণ, তথ্য হালনাগাদকরণ, নতুন তথ্য সংযোজন, বিয়োজন সংশ্লিষ্ট সকল কাজ।
১১. অর্থ বিভাগের হার্ডওয়্যার সংক্রান্ত ক্রয়, রক্ষণাবেক্ষণ এবং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
১২. নতুন কোন হার্ডওয়্যার সম্পর্কিত কম্পিউটার প্রযুক্তি সম্পর্কে অর্থ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদেরকে অবহিতকরণ এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।
১৩. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার/ সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার

১. সিস্টেম ম্যানেজার- এর অধীনে দায়িত্ব পালন।
২. অর্থ বিভাগের সকল কম্পিউটার হার্ডওয়ার/ সফটওয়ার রক্ষণাবেক্ষণ।
৩. অর্থ বিভাগের সকল কর্মকর্তার ইন্টারনেট সংযোগ সংক্রান্ত কম্পিউটার রক্ষণাবেক্ষণ।
৪. অর্থ বিভাগকে ই- গভর্ন্যান্স সংক্রান্ত কাজের সমন্বয় সংক্রান্ত কার্যাদি।
৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### ডাটা এন্ট্রি/ কন্ট্রোল সুপারভাইজার

১. সিস্টেম ম্যানেজার- এর অধীনে দায়িত্ব পালন।
২. অর্থ বিভাগের বিদ্যমান ডাটা- বেইজ রক্ষণাবেক্ষণ সম্পর্কিত যাবতীয় কাজ।
৩. ডাটা- বেইজ হতে উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক রিপোর্ট প্রদান ও রিপোর্ট প্রস্তুতকরণ।
৪. সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটরের/ ডাটা এন্ট্রি অপারেটরগণের কাজের তত্ত্বাবধান।
৫. শাখাসমূহের তথ্যসমূহ ডাটাবেইজে প্রস্তুত এবং প্রক্রিয়াজতকরণের কাজের সহযোগিতা/ তদারকির দায়িত্ব পালন।
৬. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটরের/ ডাটা এন্ট্রি অপারেটরের দায়িত্ব

১. সিস্টেম ম্যানেজার- এর অধীনে দায়িত্ব পালন।
২. বিভিন্ন সূত্র থেকে প্রাপ্ত উপাত্তসমূহ এন্ট্রির দায়িত্ব পালন করা।
৩. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃপক্ষের নির্দেশে শাখাসমূহে তথ্যসমূহ এন্ট্রির দায়িত্ব পালন করা।
৪. শাখাসমূহে তথ্যসমূহের ডাটাবেইজ প্রস্তুত এবং প্রক্রিয়াজতকরণের দায়িত্ব পালন।
৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

**বাজেট- ২ অনুবিভাগ**  
**(বাজেট- ভৌত অবকাঠামো)**

১. জাতীয় বাজেট প্রণয়নে বাজেট- ১ (সংস্কার ও সামাজিক অবকাঠামো) অনুবিভাগকে সার্বিক সহায়তা প্রদান করা।
২. স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন, গৃহায়ন, জ্বালানী ও বিদ্যুৎ, কৃষি, শিল্প ও অর্থনৈতিক সার্ভিস এবং পরিবহন ও যোগাযোগ প্রভৃতি খাতের আওতাভুক্ত মন্ত্রণালয়/ বিভাগসমূহের বাজেট (অনুন্নয়ন ও উন্নয়ন) প্রণয়ন।
৩. উন্নয়ন বাজেট প্রণয়ন সংক্রান্ত কাজের সমন্বয়।
৪. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন মনিটরিং।
৫. স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন, গৃহায়ন, জ্বালানী ও বিদ্যুৎ, কৃষি, শিল্প ও অর্থনৈতিক সার্ভিস এবং পরিবহন ও যোগাযোগ প্রভৃতি খাতের আওতাভুক্ত প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগের বাজেট সংক্রান্ত কার্যাদি।
৬. উন্নয়ন প্রকল্পসমূহের আর্থিক ক্ষমতা অর্পণ এবং অর্থ অবমুক্ত ও ব্যবহার সম্পর্কে প্রয়োজনীয় নীতিমালা ও পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা প্রদান।
৭. সংশ্লিষ্ট খাতসমূহে পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের ব্যবহার ও পুনর্ভরণ পরিবীক্ষণ সংক্রান্ত কার্যাদি প্রক্রিয়াকরণে সহায়তা।
৮. বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়সমূহকে সহায়তা প্রদান করা।
৯. সংশ্লিষ্ট খাতসমূহের অধীনস্থ স্বায়ত্তশাসিত সংস্থার সাথে ঋণ চুক্তি এবং সহায়ক ঋণ চুক্তি (এস.এল.এ) সম্পাদন করা এবং প্রয়োজনীয় তথ্যাদির Database হালনাগাদকরণ ও বিশ্লেষণের জন্য সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগে প্রেরণ করা।
১০. সকল প্রকারের ঋণ চুক্তি প্রক্রিয়াকরণ এবং সকল চুক্তির ওপর এবং এর বিভিন্ন শর্তাদির বিষয়ে ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগের মতামত গ্রহণ করা।
১১. উন্নয়ন সহযোগীর সাথে সম্পাদনযোগ্য সাহায্য চুক্তির (সংশ্লিষ্ট খাতসমূহের) ব্যাপারে অর্থ বিভাগের মতামত প্রদান করা।
১২. উন্নয়ন প্রকল্পের জন্য বিশেষ হিসাব খোলার অনুমোদন, বাণিজ্যিক ব্যাংক মনোনয়ন এবং বিশেষ হিসাব থেকে অর্থ ব্যবহারের জন্য অথরাইজেশন জারি সংক্রান্ত কার্যাদি।
১৩. উন্নয়ন প্রকল্পের জনবলের বেতন ও ভাতা এবং সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ রাজস্ব খাতে স্থানান্তর সম্পর্কে নীতি নির্ধারণ।
১৪. সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর সংক্রান্ত কমিটি সংক্রান্ত কার্যাদি।
১৫. নতুন প্রকল্পের জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটি সংক্রান্ত কার্যাদি।
১৬. বাজেট প্রণয়নের সাথে সম্পর্কিত সরকারি আর্থিক তথ্য- উপাত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে সংগ্রহ করে পরীক্ষা, বিশ্লেষণ এবং মূল্যায়ন করা।
১৭. ক্ষুদ্র ঋণ এবং বিভিন্ন তহবিলের বরাদ্দকৃত অর্থ অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সাথে আলোচনার মাধ্যমে পরিবীক্ষণ ও অর্থ ছাড়।
১৮. বৈদেশিক মুদ্রায় Procurement এর ক্ষেত্রে বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে এলসি খোলার বিষয়ে এ সংক্রান্ত কমিটির নীতি নির্ধারণী কার্যক্রম।
১৯. এনইসি ও একনেকের সিদ্ধান্তসমূহ পরীক্ষণ ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যাদি।
২০. অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের অভ্যন্তরীণ পদায়ন/ বদলি সংক্রান্ত কাজ।
২১. আদালতের রায় বাস্তবায়নের পূর্বে সংশ্লিষ্ট মামলার বিষয়ে সকল প্রক্রিয়া সম্পন্ন হয়েছে কিনা এ বিষয়ে আইন কোষের সাথে সমন্বয় সাধন।

## বাজেট- ৪ অধিশাখা

### বাজেট- ১১ শাখা

১. উন্নয়ন বাজেট প্রণয়ন কার্যাবলীর সমন্বয় এবং উন্নয়ন বাজেট জাতীয় সংসদে উপস্থাপন করার ব্যবস্থা গ্রহণ করা।
২. বিস্তারিত উন্নয়ন বাজেট প্রণয়ন কাজের সমন্বয় এবং বিস্তারিত উন্নয়ন বাজেট মুদ্রণ ও প্রকাশনার কাজ।
৩. উন্নয়ন প্রকল্পসমূহের আর্থিক ক্ষমতা অর্পণ এবং অর্থ অবমুক্তি ও ব্যবহার সম্পর্কে প্রয়োজনীয় নীতিমালা ও পদ্ধতি নির্ধারণ।
৪. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন মনিটরিং।
৫. উন্নয়ন প্রকল্পের জন্য বিশেষ হিসাব খোলার অনুমোদন, বাণিজ্যিক ব্যাংক মনোনয়ন এবং প্রকল্প হিসাব/ বিশেষ হিসাব থেকে অর্থ ব্যবহারের জন্য অথরাইজেশন জারি সংক্রান্ত কার্যাদি।
৬. নতুন প্রকল্পের জনবল নির্ধারণ সংক্রান্ত কমিটি সংক্রান্ত কার্যাদি।
৭. উন্নয়ন প্রকল্পের জনবলের বেতন ও ভাতা এবং সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব খাতে স্থানান্তর সম্পর্কিত নীতি নির্ধারণ।
৮. সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর সংক্রান্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান।
৯. অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা, উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা অর্পণ এবং Lending- Re-Lending Terms of Local Currency/ Foreign Loans (স্থানীয়/ বৈদেশিক মুদ্রায় ঋণের লক্ষী এবং পুনঃলক্ষীর শর্তাবলী) সংক্রান্ত পুস্তিকা প্রস্তুতকরণ ও হালনাগাদকরণ।
১০. বাজেট- ২ অনুবিভাগের কর্মকর্তা- কর্মচারীদের অভ্যন্তরীণ বদলি।
১১. উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিভিন্ন নীতিমালা প্রণয়ন।
১২. স্থানীয় সরকার বিভাগের বাজেট বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
১৩. বৈদেশিক মুদ্রায় Procurement এর ক্ষেত্রে বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে এলসি খোলার বিষয়ে এ সংক্রান্ত কমিটির কার্যক্রম।
১৪. এনইসি ও একনেকের সিদ্ধান্তসমূহ পরীক্ষণ ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যাদি।
১৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### বাজেট- ১২ শাখা

১. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### বাজেট- ১৩ শাখা

১. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### বাজেট- ১৪ শাখা

১. শিল্প মন্ত্রণালয় এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

## বাজেট- ৫ অধিশাখা

### বাজেট- ১৫ শাখা

১. বিদ্যুৎ বিভাগ এবং জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### বাজেট- ১৬ শাখা

১. সড়ক বিভাগ, সেতু বিভাগ এবং রেলপথ মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### বাজেট- ১৭ শাখা

১. বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন, ডাক, তার ও টেলিযোগাযোগ এবং নৌ- পরিবহন মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

## বাজেট- ৬ অধিশাখা

### বাজেট- ১৮ শাখা

১. গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### বাজেট- ১৯ শাখা

১. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয় মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

### বাজেট- ২০ শাখা

১. কৃষি মন্ত্রণালয় এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের বাজেট সংক্রান্ত যাবতীয় কাজ (বাজেট- ১ শাখার ক্রমিক- ১৯ এ বর্ণিত কার্যাদির অনুরূপ)।
২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

## সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ

১. আর্থিক নীতি, মুদ্রানীতি, বিনিময় হার নীতি ও বহিঃখাত সংক্রান্ত বিষয়াদি।
২. খসড়া মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (Medium Term Macroeconomic Framework-MTMF) প্রণয়ন এবং নিয়মিতভাবে হালনাগাদকরণ কাজের সার্বিক তত্ত্বাবধান।
৩. ম্যাক্রো ইকনমিক মডেলিং সংক্রান্ত কার্যাবলি।
৪. বাজেট অনুবিভাগের সাথে পরামর্শক্রমে মধ্যমেয়াদি বাজেট পূর্বাভাস (Medium Term Budget Outlook-MTBO) এবং মধ্যমেয়াদি বাজেট কৌশল (Medium Term Budget Strategy-MTBS) প্রণয়ন।
৫. বাজেট বক্তৃতার খসড়া প্রণয়ন।
৬. সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির ওপর Monthly Fiscal Report ও Monthly Fiscal Macro Update সহ অন্যান্য প্রতিবেদন/ তথ্য বিবরণী প্রণয়ন।
৭. সরকারি সম্পদ ব্যবহারের ক্ষেত্রে কার্যকারিতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ব্যবস্থাপনা সংস্কারের সুপারিশ প্রণয়ন।
৮. সরকারের গুরুত্বপূর্ণ নীতিগত সিদ্ধান্ত ও উদ্যোগসমূহের (major policy decisions and initiatives) মধ্য ও দীর্ঘমেয়াদি আর্থিক সংশ্লেষ ও অর্থনৈতিক প্রভাব বিশ্লেষণ।
৯. সরকারের সার্বিক রাজস্ব ও ব্যয়নীতি (overall revenue and expenditure policy) নিয়মিত পর্যালোচনা এবং প্রয়োজনীয় উন্নয়নের জন্য সুপারিশ প্রণয়ন।
১০. বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়- ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত ত্রৈমাসিক ও ষাণ্মাসিক প্রতিবেদন প্রস্তুত।
১১. কো- অর্ডিনেশন কাউন্সিলের কার্যক্রমে সাচিবিক সহায়তা দান।
১২. SAARC, Common Wealth সহ অন্যান্য দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক অর্থনৈতিক সহযোগিতা এবং এতদসংক্রান্ত প্রশিক্ষণ বিষয়াদি।
১৩. বিমসটেক, ডি এইটসহ বিভিন্ন আঞ্চলিক অর্থনৈতিক জোট/ সহযোগিতা সংক্রান্ত বিষয়াদি।
১৪. আইএমএফ (জিএফএস এবং আর্টিকেল- ৪ কনসালটেশন ব্যতীত) এবং সামষ্টিক অর্থনীতি সম্পর্কিত বিষয়াদি।
১৫. বিশ্বব্যাংক, বিশ্ব বাণিজ্য সংস্থা, ইউএনসিটিএডি প্রমুখ আন্তর্জাতিক ও আঞ্চলিক প্রতিষ্ঠানের সাথে সামষ্টিক অর্থনীতি (নীতি বিষয়ক) বিষয়ে যোগাযোগ ও সমন্বয় রক্ষা করা।
১৬. দ্বিপাক্ষিক ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগীদের (বিশ্বব্যাংক, আইএমএফ, এডিবি, জাইকা ইত্যাদি) সাথে যোগাযোগ সংশ্লিষ্ট কার্যাদি।
১৭. সংসদের প্রশ্নোত্তর সংক্রান্ত কাজ।
১৮. আদালতের রায় বাস্তবায়নের পূর্বে সংশ্লিষ্ট মামলার বিষয়ে সকল প্রক্রিয়া সম্পন্ন হয়েছে কিনা এ বিষয়ে আইন কোষের সাথে সমন্বয় সাধন।

## সামষ্টিক অর্থনৈতিক নীতি বিশ্লেষণ ও পূর্বাভাস অধিশাখা

### সামষ্টিক অর্থনীতি- ১ শাখা (নীতি ও সমন্বয়)

১. খসড়া মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (Medium Term Macroeconomic Framework-MTMF) প্রণয়ন/ হালনাগাদকরণ এবং MTMF ওয়ার্কিং গ্রুপের সভায় উপস্থাপন।
২. সামষ্টিক শাখা- ২, সামষ্টিক শাখা- ৩ এবং রাজস্ব নীতি শাখা- ১ এর সাথে সমন্বয়ের মাধ্যমে-
  - সামষ্টিক অর্থনৈতিক পূর্বাভাস প্রদানের ক্ষেত্রে প্রতিটি প্রক্ষেপণের সমর্থনে বিস্তারিত প্রক্ষেপণ প্রণয়ন ও অন্তর্নিহিত নীতি ও ধারণাসমূহ (underlying policies and assumptions) সম্পর্কে বিশদ বিশ্লেষণ ও যৌক্তিকতা উপস্থাপন।
